

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)
বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ #৭/৭এ, ব্লক # এইচ ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।

বিজ্ঞপ্তি নং -ফায়ার এ্যাড সেফটি/৯৪/২০২৩

তারিখ :- ১৭ এপ্রিল, ২০২৩

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয় : পবিত্র ঈদ-উল-ফিতর উদযাপন উপলক্ষে কারখানা বন্ধ থাকার প্রেক্ষিতে কারখানায় অগ্নি নিরাপত্তা ও অন্যান্য নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি।

প্রিয় সহকর্মী,

পবিত্র মাহে রমজান প্রায় শেষের দিকে। ক'দিন পরেই ঈদ-উল-ফিতর উদযাপন উপলক্ষে কারখানা বন্ধ কয়েক দিন বন্ধ থাকবে। যেহেতু কারখানায় কোন কর্মকর্তা/কর্মচারী থাকবে না, সেহেতু কারখানায় যাতে কোন অগ্নি দূর্ঘটনা বা অন্য কোন অনাকাঙ্ক্ষিত দূর্ঘটনা না ঘটে সেজন্য সতর্ক থাকা প্রয়োজন। তাই কারখানা বন্ধকালীন সময়ে অনাকাঙ্ক্ষিত দূর্ঘটনা এড়াতে কারখানায় নিম্নে উল্লেখিত ব্যবস্থাাদি জরুরী ভিত্তিতে গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে :

- (০১) কারখানা বন্ধ করার পূর্বে একজন দায়িত্বশীল ব্যক্তির তত্ত্বাবধানে জেনারেটর, বৈদ্যুতিক মেইন সুইচ, বয়লার, এসি, কম্পিউটার, সকল ফ্লোরের মেশিনারিজ, লাইট, ফ্যান, আয়রণ, ইলেকট্রিক হিটার/কেটলি ইত্যাদি বন্ধ করার বিষয়টি নিশ্চিত করা। নিরাপত্তার স্বার্থে শুধুমাত্র রাত্রে জরুরী বাতি জ্বালানো যাবে।
- (০২) কারখানার মালামালের নিরাপত্তার স্বার্থে মূল গেটসহ ভবনের সকল দরজা, জানালা ইত্যাদি বন্ধ রাখা।
- (০৩) জরুরী অবস্থা (অগ্নি দূর্ঘটনা বা যেকোন দূর্ঘটনা) এবং পুরো কারখানার নিরাপত্তা ব্যবস্থা তদারকির জন্য সার্বক্ষণিকভাবে একজন দায়িত্বশীল কর্মকর্তার তত্ত্বাবধানে অগ্নি নির্বাপন বিষয়ে প্রশিক্ষিত সিকিউরিটি গার্ড নিযুক্ত রাখা।
- (০৪) তাৎক্ষণিকভাবে আগুন নির্বাপন করার জন্য কারখানায় প্রয়োজনীয় অগ্নি নির্বাপক যন্ত্র, পানি ভর্তি ড্রাম ও বালতি এবং হোজরিল/হাইড্রেন্টসমূহ কার্যকরী আছে কি না তা চেক করা।
- (০৫) যে কোন ধরনের নিরাপত্তার জন্য কারখানার গুরুত্বপূর্ণ স্থানগুলো ক্লোজ সার্কিট ক্যামেরার আওতায় রাখা এবং সেগুলো সার্বক্ষণিকভাবে চালু রাখার বিষয়টি নিশ্চিত করা।
- (০৬) যে কোন জরুরী অবস্থা মোকাবেলা করার জন্য সিকিউরিটি গার্ডকে অবশ্যই নিকটস্থ থানা এবং জরুরী সেবা (৯৯৯) এর নম্বর হাতের কাছে রাখার নির্দেশ দেয়া।
- (০৭) কারখানা খোলার পরে সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি, এসি, জেনারেটর, বয়লার, কম্প্রেশার ইত্যাদি চালু করার পূর্বে চেক করে নেয়া। বিশেষ করে বয়লার চালু করার পূর্বে বয়লারের সকল ইনলেট-আউটলেট এর ভাল্ভ চেক করে নেয়া।

কারখানায় যে কোন অনাকাঙ্ক্ষিত দূর্ঘটনা রোধে আপনাদের সকলের সচেতনতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তিরি •